25 APR 1988
তারিখ ... 4
পৃষ্ঠা ... কলাম 1

দৈনিক সংবাদ

115

# চিঠিপত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন )

## এস এস সি পরীক্ষার প্রশ্নপত্র প্রসঙ্গে

এবারের এস এস সি পরীক্ষার বেশ কিছু প্রশ্নপত্রে অমার্জনীয় ভুলের সমাহার বিশেষভাবে লক্ষণীয়। কোন কোন প্রশ্নপত্র এমনভাবে তৈরী করা হয়েছে যে, সেগুলো হাতে নেওয়ামাত্র স্পষ্টই প্রতীয়মান হয়, বইয়ের সাথে প্রশ্নকর্তার কোন যোগাযোগই ছিল না। নীচে দুটি উদাহরণ দিচ্ছি।

(ক) সাধারণ বিজ্ঞান (প্রথম পত্র): ২ নং প্রশ্নে (গ) উল্লিখিত রয়েছে "ঘনত্ব কাহাকে বলে? নিকলসন হাইড্রোমিটারের সাহায্যে তরল পদার্থের ঘনত্ব কিভাবে নির্ণয় করিবে?"

প্রসঙ্গত উল্লেখ্য, প্রশ্নটির দ্বিতীয় অংশ আমাদের পাঠ্যসূচীর বহির্ভূত প্রশ্ন। নিকলসনের হাইড্রোমিটার সম্বন্ধে কোন আলোচনাই আমাদের বইয়ে করা হয় নি। ঘনত্ব পরিমাপ তো দূরের কথা, বরং বইয়ের ৭৮ পৃষ্ঠার শেষাংশে পরিষ্কার বাংলায় বলা হয়েছে "নিকলসন উদ্ভাবিত হাইড্রোমিটার কদাচিৎ কঠিন বস্তু বা তরলের ঘনত্ব নির্ণয়ে ব্যবহৃত হয়। তাই নিকলসনের হাইড্রোমিটার নিয়ে আমরা এ বইয়ে কোন আলোচনা করব না।"

যে প্রশ্নকর্তার বইয়ের পাঠ্যসূচী সম্পর্কেই কোন ধারণা নেই, তিনি কিভাবে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র তৈরী করার দায়িত্ব পান তা মোটেই বোধগম্য নয়।

(খ) উচ্চতর গণিত (ঐচ্ছিক) ৪(গ): "দুই অংকবিশিষ্ট একটি সংখ্যা উহার অংকদ্বয়ের সমষ্টির আটগুণ। সংখ্যাটির সঙ্গে উহার অংকদ্বয়ের সমষ্টি যোগ করলে যোগফল অংক সমষ্টির বর্গের সমান হয়।" অথচ প্রশ্নপত্রের কোথাও আমাদের কি নির্ণয় করতে হবে তার কোন উল্লেখ নেই।

এ ধরনের অসম্পূর্ণ প্রশ্নের উত্তরটি অসম্পূর্ণই হওয়া উচিত নয় কি?

(গ) সাধারণ গণিত ও ভুগোল ভুগোল ও অংকের যে দু'টি প্রশ্ন নিয়ে গোলযোগ চলছে সে ব্যাপারে আর পুনর্বার আলোচনা করতে চাই না। তবে এ সম্পর্কে সজাগ দৃষ্টি রাখা উচিত বলে মনে করি।

এবারের প্রশ্নপত্রে এধরনের ভুল ছাড়াও ছাপার অস্পষ্টতা বিশেষভাবে লক্ষণীয়। এসবের দায়ভার কি শুধু ছাত্র-ছাত্রীদেরই বহন করতে হবে?

এরফান ইউসুফ,
ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা।